

## **≣** কাফ | Qaf | ভ

আয়াতঃ ৫০:১১

## **া** আরবি মূল আয়াত:

## رِّزِقًا لِّلعِبَادِ وَ أَحِيَينَا بِهِ بَلدَةً مَّيتًا ١٤ كَذٰلِكَ الخُرُوجُ ﴿١١﴾

## 

আমার বান্দাদের জন্য রিম্কস্বরূপ। আর আমি পানি দ্বারা মৃত শহর সঞ্জীবিত করি। এভাবেই উত্থান ঘটবে। — আল-বায়ান

বান্দাহদের রিয়ক হিসেবে। আর আমি পানি দিয়ে জীবন্ত করে তুলি মৃত যমীনকে। এভাবেই বের করা হবে (ক্বর থেকে মানুষদের)। — তাইসিরুল

আমার বান্দাদের জীবিকা স্বরূপ; আর আমি সঞ্জীবিত করি মৃত ভূমিকে; এভাবে পুনরুখান ঘটবে। — মুজিবুর রহমান

As provision for the servants, and We have given life thereby to a dead land. Thus is the resurrection. — Sahih International

- ১১. বান্দাদের রিযািকস্বরূপ। আর আমরা বৃষ্টি দিয়ে সঞ্জীবিত করি মৃত শহরকে; এভাবেই উত্থান ঘটবে।(১)
  - (১) এখানে পুনরুত্থানের পক্ষে যুক্তি পেশ করে বলা হচ্ছে, যে আল্লাহ এ পৃথিবী-গ্রহটিকে জীবন্ত সৃষ্টির বসবাসের জন্য উপযুক্ত স্থান বানিয়েছেন, যিনি পৃথিবীর প্রাণহীন মাটিকে আসমানের প্রাণহীণ পানির সাথে মিশিয়ে এত উচ্চ পর্যায়ের উদ্ভিদ জীবন সৃষ্টি করেছেন এবং যিনি এ উদ্ভিদরাজিকে মানুষ ও জীব-জন্তু সবার জন্য রিযিকের মাধ্যম বানিয়ে দিয়েছেন, তাঁর সম্পর্কে তোমাদের এ ধারণা যে, মৃত্যুর পর তিনি পুনরায় সৃষ্টি করতে সক্ষম নন। এটা নিরেট নির্বৃদ্ধিতামূলক ধারণা ছাড়া আর কিছুই নয়। [দেখুন: ফাতহুল কাদীর, আদওয়াউল-বায়ান]

তাফসীরে জাকারিয়া

- (১১) (আমার) দাসদের জীবিকাস্বরূপ। আর বৃষ্টি দ্বারা আমি সঞ্জীবিত করি মৃত ভূমিকে, এভাবে পুনরুখান ঘটবে। [1]
  - [1] অর্থাৎ, যেভাবে বৃষ্টি দ্বারা আমি মৃত ভূমিকে সজীব ও সবুজ বানিয়ে দিই, অনুরূপ কিয়ামতের দিন আমি মানুষকে কবর থেকে জীবিত করে উঠাব।

তাফসীরে আহসানল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4641

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন